

আইলার সাতক্ষীরায় ৩৮০ কুল কলেজ ক্ষতিগ্রস্ত

॥ সাতক্ষীরা সংবাদদাতা ॥
সুশিক্ষিত আইলার আঘাতে
সাতক্ষীরা জেলার ৩৮০টি শিফা

প্রতিষ্ঠানের প্রায় ৫ কোটি টাকার
অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে। এরমধ্যে
সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে ২৮টি শিফা
প্রতিষ্ঠান, আংশিক হয়েছে ১৫৩টি
প্রাথমিক বিদ্যালয়, ৯৯টি মাদ্রাসা, ৮২টি
মাধ্যমিক বিদ্যালয় এবং ১৮টি কলেজ।
এসব শিফা প্রতিষ্ঠানের মধ্যে ৯০টি
শিফা প্রতিষ্ঠানের পাঠদান বর্তমানে বন্ধ
হয়েছে। ফলে প্রায় ২০ হাজার শিক্ষার্থীর
শেখাপড়া অনিশ্চিত হয়ে পড়েছে।

জেলা প্রাথমিক ও মাধ্যমিক শিফা
অফিস সূত্রে জানা যায়, আইলার ভাঙবে
জেলার ৭৮টি ইউনিয়ন কমবেশি
ক্ষতিগ্রস্ত হয়। এরমধ্যে সবচেয়ে বেশি
ক্ষতিগ্রস্ত হয়েছে শ্যামনগর ও আশাজনি
উপজেলা। এই দুইটি উপজেলার
অধিকাংশ শিফা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত
হয়েছে।

কমকতির পরিমাণ নিরূপণ করে
ইতিমধ্যে স্থানীয় উপ-পরিচালককে
জানানো হয়েছে বলে সর্শ্রুটি কর্মকর্তা
জানান। এছাড়াও শিফা অফিস
সাতক্ষীরার আশাজনি উপজেলার দুইটি
প্রাথমিক বিদ্যালয়ে সাইক্লোন সেন্টার
নির্মাণ করার প্রস্তাব পাঠিয়েছে।

আইলার ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে
প্রায় ২০ হাজার শিক্ষার্থীর পড়ালেখা বন্ধ
হয়ে যাওয়া বিপাকে পড়েছে শিক্ষার্থী ও
অভিভাবকরা। এসব শিক্ষার্থী ও তাদের
অভিভাবক জানান, আর কিছুদিন গেলেই
পরীক্ষা শুরু হবে। কিন্তু এখনো তারা
পড়ালেখা করতে পারছে না, এমনকি
স্থলতলোতে যেতে পারছে না।

জেলা প্রাথমিক শিফা অফিসার
পক্ষস্থান বাদ্য জানান, কমকতির
পরিমাণ নিরূপণ করা হয়েছে।
বিদ্যালয়গুলো পানির কারণে বন্ধ
রয়েছে। ক্রাস নেয়ার উপযোগী হলে
তা শুরু করা হবে। ক্ষতি পুঁথিয়ে নিজে
পানি কমে গেলে প্রয়োজনে ছুটি
শিফাগুলোতে ক্রাস নেয়া হবে বলে তিনি
জানান।